

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
পাট অধিদপ্তর
৯৯, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
www.dgjute.gov.bd

বিষয় : তথ্য অধিকার আইন, ২০০৯ এর ধারা-৫ অনুসারে পাট অধিদপ্তরের যাবতীয় তথ্যের ক্যাটাগরি ও ক্যাটালগ।

ক) তথ্যের ক্যাটাগরি :

১. স্বপ্রণোদিত তথ্যের তালিকা ;
২. চাহিদার ভিত্তিতে প্রদানযোগ্য তথ্যের তালিকা ;
৩. প্রদান বাধ্যতামূলক নয় এমন তথ্যের তালিকা।

খ) তথ্যের ক্যাটালগ :

১. স্ব-প্রণোদিত তথ্যের তালিকা :

(তথ্য অধিকার আইন, ২০০৯ এবং তথ্য অধিকার (তথ্য প্রকাশ ও প্রচার) প্রবিধানমালা, ২০১০ এর আলোকে পাট অধিদপ্তর কর্তৃক প্রকাশযোগ্য তথ্য)

ক্রমিক নং	তথ্যের তালিকা	তথ্য প্রদানের মাধ্যম
১।	সাংগঠনিক কাঠামো ও কার্যক্রমের বিবরণ, কার্যপ্রণালী এবং দায়িত্বসমূহ	১. তথ্য প্রদান ইউনিট ২. মুদ্রিত অনুলিপি ৩. নোটিশ বোর্ড ৪. ওয়েব সাইট
২।	কর্মকর্তা/কর্মচারীদের ক্ষমতা ও দায়িত্ব	
৩।	কর্মকর্তা/কর্মচারীদের নাম, পদবি ও ফোন নম্বর	
৪।	বিভিন্ন গুরুত্বপূর্ণ প্রশাসনিক আদেশ, বিজ্ঞপ্তি ও প্রজ্ঞাপন	
৫।	বিদেশ ভ্রমণ সংক্রান্ত জিও	
৬।	পাট অধিদপ্তর ও এর অধীনস্থ অফিসসমূহের বাজেট, প্রস্তাবিত খরচ ও প্রকৃত ব্যয়ের বিবরণ	
৭।	অর্জিত ও শ্রান্তি বিনোদন ছুটিসহ অন্যান্য ছুটি	
৮।	বিভিন্ন বিষয়ের ফোকাল পয়েন্ট কর্মকর্তার নাম, পদবি ও ফোন নম্বর	
৯।	সেবার বিষয় ও সেবা প্রদান পদ্ধতি সম্পর্কিত সিটিজেনস চার্টার	
১০।	বিভিন্ন প্রতিবেদন/প্রকাশনা	
১১।	ইনোভেশন সংক্রান্ত বিষয়াদি	
১২।	শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত বিষয়াদি	
১৩।	তথ্য অধিকার সংক্রান্ত তথ্যাবলী	
১৪।	পাট আইন ২০১৭, পাটনীতি ২০১৮, পণ্যে পাটজাত মোড়কের বাধ্যতামূলক ব্যবহার আইন ২০১০ এবং পণ্যে পাটজাত মোড়কের বাধ্যতামূলক ব্যবহার বিধিমালা ২০১৩, লাইসেন্স এন্ড এনফোর্সমেন্ট অধ্যাদেশ ১৯৬৪ এর আওতায় গৃহীত কার্যক্রম	
১৫।	বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) এর আওতায় গৃহীত কার্যক্রম	
১৬।	বার্ষিক ক্রয় পরিকল্পনা	
১৭।	টেন্ডার/কোটেশন বিজ্ঞপ্তি	
১৮।	পাট ও পাটজাত পণ্যের উৎপাদন, ব্যবহার, রপ্তানি, রপ্তানি আয় ও মজুদ সংক্রান্ত তথ্যাদি	
১৯।	পাট ও পাটজাত পণ্যের ব্যবসায়ের লাইসেন্স ইস্যু ও নবায়ন সংক্রান্ত বিষয়াদি	

ক্রমিক নং	তথ্যের তালিকা	তথ্য প্রদানের মাধ্যম
২০।	পণ্যে পাটজাত মোড়কের বাধ্যতামূলক ব্যবহার আইন, ২০১০ এর আওতায় ভ্রাম্যমান আদালত পরিচালনা সংক্রান্ত তথ্যাদি	১. তথ্য প্রদান ইউনিট ২. মুদ্রিত অনুলিপি ৩. নোটিশ বোর্ড ৪. ওয়েব সাইট
২১।	পাটজাত পণ্যের মান পরিদর্শন সংক্রান্ত তথ্যাদি	
২২।	পাটজাত পণ্যের মান পরীক্ষণ সংক্রান্ত তথ্যাদি	
২৩।	তথ্য প্রদান ইউনিটের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম, পদবি এবং অন্যান্য তথ্যাদি	
২৪।	আপিল কর্তৃপক্ষের নাম, পদবি এবং ঠিকানার বিস্তারিত বিবরণ	
২৫।	তথ্য কমিশন এবং কমিশনারদের নাম, পদবি ও ঠিকানার বিস্তারিত বিবরণ	
২৬।	পাট অধিদপ্তর কর্তৃক গৃহিত সকল আবেদন পত্রের একটি অনুলিপি	
২৭।	সরকার/পাট অধিদপ্তর কর্তৃক সম্পাদিত চুক্তি(চুক্তি সম্পাদন/কার্যাদেশ সম্পাদনের পর)	
২৮।	তথ্য অধিকার আইন, ২০০৯ এর আওতায় নাগরিকগণের তথ্য প্রাপ্তির আবেদন ও নিষ্পত্তি সংক্রান্ত হালনাগাদ তথ্যাদি	
২৯।	প্রশিক্ষণ, প্রচার ও উদ্বুদ্ধকরণ সংক্রান্ত তথ্যাদি।	

২. চাহিদার ভিত্তিতে প্রদানযোগ্য তথ্যের তালিকা :

ক্রমিক নং	তথ্যের তালিকা	তথ্য প্রদানের মাধ্যম
১।	স্ব-প্রণোদিত প্রকাশিত সকল তথ্যাদি	১. তথ্য প্রদান ইউনিট ২. মুদ্রিত অনুলিপি ৩. ইমেইল
২।	ক্রয় কার্যক্রম সংক্রান্ত তথ্যাদি(সিদ্ধান্ত গ্রহণের পর)	
৩।	ব্যক্তি বিশেষের দেশে বিদেশে ভ্রমণ সংক্রান্ত তথ্যাদি	
৪।	পাট ও পাটবীজ উৎপাদন, প্রশিক্ষণ ও কৃষি উপকরণ বিতরণ সংক্রান্ত তথ্যাদি	

৩. প্রদান বাধ্যতামূলক নয় এমন তথ্যের তালিকা :

তথ্য অধিকার আইন, ২০০৯ এর ধারা-৭ অনুসারে কর্তৃপক্ষ কোন নাগরিককে নিম্নলিখিত তথ্যসমূহ প্রদান করিতে বাধ্য থাকিবে না, যথাঃ -

- (ক) কোন তথ্য প্রকাশের ফলে বাংলাদেশের নিরাপত্তা, অখণ্ডতা ও সার্বভৌমত্বের প্রতি হুমকি হইতে পারে এইরূপ তথ্য;
- (খ) পররাষ্ট্রনীতির কোন বিষয় যাহার দ্বারা বিদেশী রাষ্ট্রের অথবা আন্তর্জাতিক কোন সংস্থা বা আঞ্চলিক কোন জোট বা সংগঠনের সহিত বিদ্যমান সম্পর্ক ক্ষুণ্ণ হইতে পারে এইরূপ তথ্য;
- (গ) কোন বিদেশী সরকারের নিকট হইতে প্রাপ্ত কোন গোপনীয় তথ্য;
- (ঘ) কোন তথ্য প্রকাশের ফলে কোন তৃতীয় পক্ষের বুদ্ধিবৃত্তিক সম্পদের অধিকার ক্ষতিগ্রস্ত হইতে পারে এইরূপ বাণিজ্যিক বা ব্যবসায়িক অন্তর্নিহিত গোপনীয়তা বিষয়ক, কপিরাইট বা বুদ্ধিবৃত্তিক সম্পদ (Intellectual Property Right) সম্পর্কিত তথ্য;
- (ঙ) কোন তথ্য প্রকাশের ফলে কোন বিশেষ ব্যক্তি বা সংস্থাকে লাভবান বা ক্ষতিগ্রস্ত করিতে পারে এইরূপ নিম্নোক্ত তথ্য, যথাঃ-
 - (অ) আয়কর, শুল্ক, ভ্যাট ও আবগারী আইন, বাজেট বা করহার পরিবর্তন সংক্রান্ত কোন আগাম তথ্য;
 - (আ) মুদ্রার বিনিময় ও সুদের হার পরিবর্তনজনিত কোন আগাম তথ্য;
 - (ই) ব্যাংকসহ আর্থিক প্রতিষ্ঠানসমূহের পরিচালনা ও তদারকি সংক্রান্ত কোন আগাম তথ্য;
 - (ঈ) কোন তথ্য প্রকাশের ফলে প্রচলিত আইনের প্রয়োগ বাধাগ্রস্ত হইতে পারে বা অপরাধ বৃদ্ধি পাইতে পারে এইরূপ তথ্য;

- (ছ) কোন তথ্য প্রকাশের ফলে জনগণের নিরাপত্তা বিঘ্নিত হইতে পারে বা বিচারাধীন মামলার সুষ্ঠু বিচার কার্য ব্যাহত হইতে পারে এইরূপ তথ্য;
- (জ) কোন তথ্য প্রকাশের ফলে কোন ব্যক্তির ব্যক্তিগত জীবনের গোপনীয়তা ক্ষুণ্ণ হইতে পারে এইরূপ তথ্য;
- (ঝ) কোন তথ্য প্রকাশের ফলে কোন ব্যক্তির জীবন বা শারীরিক নিরাপত্তা বিপদাপন্ন হইতে পারে এইরূপ তথ্য;
- (ঞ) আইন প্রয়োগকারী সংস্থার সহায়তার জন্য কোন ব্যক্তি কর্তৃক গোপনে প্রদত্ত কোন তথ্য;
- (ট) আদালতে বিচারাধীন কোন বিষয় এবং যাহা প্রকাশে আদালত বা ট্রাইব্যুনালের নিষেধাজ্ঞা রহিয়াছে অথবা যাহার প্রকাশ আদালত অবমাননার শামিল এইরূপ তথ্য;
- (ঠ) তদন্তাধীন কোন বিষয় যাহার প্রকাশ তদন্ত কাজে বিঘ্ন ঘটাইতে পারে এইরূপ তথ্য;
- (ড) কোন অপরাধের তদন্ত প্রক্রিয়া এবং অপরাধীর গ্রেফতার ও শাস্তিকে প্রভাবিত করিতে পারে এইরূপ তথ্য;
- (ঢ) আইন অনুসারে কেবল একটি নির্দিষ্ট সময়ের জন্য প্রকাশের বাধ্যবাধকতা রহিয়াছে এইরূপ তথ্য;
- (ণ) কৌশলগত ও বাণিজ্যিক কারণে গোপন রাখা বাঞ্ছনীয় এইরূপ কারিগরী বা বৈজ্ঞানিক গবেষণালব্ধ কোন তথ্য;
- (ত) কোন ক্রয় কার্যক্রম সম্পূর্ণ হইবার পূর্বে বা উক্ত বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের পূর্বে সংশ্লিষ্ট ক্রয় বা উহার কার্যক্রম সংক্রান্ত কোন তথ্য ;
- (থ) জাতীয় সংসদের বিশেষ অধিকার হানির কারণ হইতে পারে এইরূপ তথ্য;
- (দ) কোন ব্যক্তির আইন দ্বারা সংরক্ষিত গোপনীয় তথ্য;
- (ধ) পরীক্ষার প্রশ্নপত্র বা পরীক্ষায় প্রদত্ত নম্বর সম্পর্কিত আগাম তথ্য;
- (ন) মন্ত্রিপরিষদ বা, ক্ষেত্রমত, উপদেষ্টা পরিষদের বৈঠকে উপস্থাপনীয় সার-সংক্ষেপসহ আনুষঙ্গিক দলিলাদি এবং উক্তরূপ বৈঠকের আলোচনা ও সিদ্ধান্ত সংক্রান্ত কোন তথ্য।
- তবে শর্ত থাকে যে, মন্ত্রিপরিষদ বা, ক্ষেত্রমত, উপদেষ্টা পরিষদ কর্তৃক কোন সিদ্ধান্ত গৃহীত হইবার পর অনুরূপ সিদ্ধান্তের কারণ এবং যেসকল বিষয়ের উপর ভিত্তি করিয়া সিদ্ধান্তটি গৃহীত হইয়াছে উহা প্রকাশ করা যাইবে।
